

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
জেলা সরকারি গণগ্রন্থাগার, সিরাজগঞ্জ

[www.publiclibrary.sirajgonj.gov.bd](http://www.publiclibrary.sirajgonj.gov.bd)

স্মারক নং- ৪৩.২৬.৮৮০০.০০১.২৩.০৮১.১৮-০১

তারিখঃ ২২/০১/২০২৪খ্রি:

**বিষয়ঃ ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' উদযাপন উপলক্ষ্যে বইপাঠ, চিত্রাংকন, রচনা এবং উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা।**

আগামী ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' উদযাপন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার সিরাজগঞ্জ কর্তৃক নিম্নোক্ত বিষয়ে বইপাঠ, চিত্রাংকন, রচনা এবং উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। সিরাজগঞ্জ জেলার আত্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী নিয়ে উল্লেখিত শর্তাবলী মেনে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হলো।

**ক. বইপাঠ প্রতিযোগিতা:**

ক্র.নং	শ্রেণি/গ্রুপ	প্রতিযোগিতার স্থান ও সময়
১।	উন্মুক্ত	আগামী ০৩.০২.২০২৪খ্রি. তারিখে সকাল ১০.০০ ঘটিকায় জেলা সরকারি গণগ্রন্থাগার, সিরাজগঞ্জ এর পাঠকক্ষে অনুষ্ঠিত হবে।

**খ. চিত্রাংকন প্রতিযোগিতা:**

ক্র.নং	গ্রুপ	শ্রেণি	চিত্রাংকনের প্রতিযোগিতার বিষয়	প্রতিযোগিতার স্থান ও সময়
১।	ক	শিশু শ্রেণি- দ্বিতীয় শ্রেণি	উন্মুক্ত	আগামী ০৩.০২.২০২৪খ্রি. তারিখে সকাল ১১.০০ ঘটিকায় জেলা সরকারি গণগ্রন্থাগার, সিরাজগঞ্জ এর পাঠকক্ষে অনুষ্ঠিত হবে।
২।	খ	তৃতীয় শ্রেণি- সপ্তম শ্রেণি	আমার প্রিয় গ্রন্থাগার	

**গ. রচনা প্রতিযোগিতা:**

ক্র.নং	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	প্রতিযোগিতার স্থান ও সময়
১।	ক	উন্মুক্ত	স্মার্ট নাগরিক গঠনে গ্রন্থাগারের ভূমিকা	১০০০	আগামী ০৩.০২.২০২৪খ্রি. তারিখে বিকাল ৪.০০ ঘটিকায় মধ্যে জেলা সরকারি গণগ্রন্থাগার, সিরাজগঞ্জ অফিসে জমা দিতে হবে।

**ঘ. উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা:**

ক্র.নং	গ্রুপ	শ্রেণি	উপস্থিত বক্তৃতার বিষয়	প্রতিযোগিতার স্থান ও সময়
১।	ক	অষ্টম-দ্বাদশ	তাৎক্ষণিক নির্ধারণ করা হবে	আগামী ০৩.০২.২০২৪খ্রি. তারিখে দুপুর ১২.৩০ ঘটিকায় জেলা সরকারি গণগ্রন্থাগার, সিরাজগঞ্জ এর পাঠকক্ষে অনুষ্ঠিত হবে।
২।	খ	স্নাতক-স্নাতকোত্তর	তাৎক্ষণিক নির্ধারণ করা হবে	

**শর্তাবলী :**

- ১। রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার এক দিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
- ২। ছাত্র-ছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
- ৩। রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- ৪। রচনায় শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
- ৫। চিত্রাংকন প্রতিযোগিতার ক্ষেত্রে অংশগ্রহণকারীদের কাগজ/আর্ট পেপার ব্যতীত প্রয়োজনীয় সকল উপকরণ নিজ দায়িত্বে সঙ্গে আনতে হবে।

স্বাঃ/  
(মো: সজিব আহমেদ)  
জুনিয়র লাইব্রেরিয়ান  
জেলা সরকারি গণগ্রন্থাগার  
সিরাজগঞ্জ


ফোনঃ ০২৫৮৮৮৩০০৫২

ই-মেইল:sirajganj.dgpl21@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো জ্যৈষ্ঠতার ভিত্তিতে নয়ঃ

- ১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ৩। প্রফেসর করুণা রানী সাহা, অধ্যক্ষ (অবসরপ্রাপ্ত), সিরাজগঞ্জ সরকারি কলেজ।
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা,  
সিরাজগঞ্জ সদর/উল্লাপাড়া/শাহজাদপুর/কাজিপুর/তাড়াশ/রায়গঞ্জ/বেলকুচি/কামারখন্দ/চৌহালী।
- ৫। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
- ৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক,

-----সিরাজগঞ্জ



(মো: সজিব আহম্মেদ)  
জুনিয়র লাইব্রেরিয়ান  
জেলা সরকারি গণগ্রন্থাগার  
সিরাজগঞ্জ

ফোনঃ ০২৫৮৮৮৩০০৫২

ই-মেইল:sirajganj.dgpl21@gmail.com